# রাংগুনিয়া সরকারি কলেজ
# RANGUNIA GOVERNMENT COLLEGE

কলেজ কোডঃ জাঃ বিঃ ৪৩২১, চঃবোর্ডঃ ৩৫২৫, ই.আই.আই.এনঃ ১০৪৮৪৪

Website: www.ranguniacollege.edu.bd/ E-mail: info@ranguniacollege.edu.bd

চট্টগ্রাম ঃ ৪৩৬০ স্থাপিতঃ ১৯৬৩

Chattogram : 4360 Established : 1963


নং- ২০২৫/০৩৫ তারিখঃ ০৩/০৮/২০২৫ খ্রি.

## ২০২৩ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। আগ্রহী পরীক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) প্রবেশ করে নিজ রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে উক্ত প্রিন্ট কলেজ অফিসে প্রদর্শন ফরম পূরণ ফি'র রসিদ সংগ্রহ করতে হবে। গৃহীত রসিদের মাধ্যমে আগামী ২০/০৮/২০২৫ তারিখের মধ্যে ''বাংলাদেশ কৃষি ব্যাংক'' রাংগুনিয়া কলেজ শাখায় টাকা জমা করে, উক্ত রসিদ নিম্নলিখিত সম্মানিত পরীক্ষা কমিটির সদস্যবৃন্দের নিকট ২০/০৮/২০২৫ তারিখের মধ্যে আবেদন ফরম জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া গেল।

| সম্মানিত পরীক্ষা কমিটির সদস্যবৃন্দের নাম | বিভাগ | পূরণকৃত আবেদন ফরম জমা দেয়ার তারিখ |
|---|---|---|
| জনাব ফাইয়া ইউসুফ | বিএ, বিএসএস, বিএসসি, বিবিএস | ১০/০৮/২০২৫ তারিখ থেকে ২০/০৮/২০২৫ তারিখ পর্যন্ত |
| জনাব আখতারুজ্জামান | | |

**পরীক্ষার্থীদের করণীয় ঃ**

১. পরীক্ষার্থীগণ আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করার সময় সঠিকভাবে বিষয়কোড লিখতে হবে। ভুল বিষয়কোড পূরণের জন্য ছাত্র-ছাত্রী নিজেই দায়ী থাকবে।

২. পূরণকৃত আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট সাইজের ০২ কপি রঙ্গিন ছবি আটা দিয়ে লাগাতে হবে ।

**পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

**ক) ডিগ্রি (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত:**

i) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২১ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২২ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজী" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

iv) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**খ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত):**

i) ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহন করে ৩য় বর্ষে উত্তীর্ন হয়েছে কিন্তু ২০২০, ২০২১ ও ২০২২ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা stiv গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

**গ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন):**

i) ২০২২ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA ২.২৫ এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

উল্লিখিত তারিখের মধ্যে ফরম জমা দিতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশ গ্রহণে সৃষ্ট যেকোন জটিলতার জন্য কেবল মাত্র শিক্ষার্থীরাই দায়ী থাকবে। কলেজ কর্তৃপক্ষকে কোনরূপ দায়ী করা যাবে না।

০৩/০৮/২০২৫ (স্বাক্ষর)
প্রফেসর শেখ মুজিবুর রহমান
আইডি নং-৯৫২৬
অধ্যক্ষ
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

০৩/০৮/২০২৫ (স্বাক্ষর)
ফাইয়া ইউসুফ
আহ্বায়ক
ডিগ্রি পাস ৩য় বর্ষ ফরম পূরণ ও চূড়ান্ত পরীক্ষা কমিটি-২০২৩
রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।

অনুলিপিঃ

০১. সম্পাদক, শিক্ষক পরিষদ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০২. জনাব ফাইয়া ইউসুফ, প্রভাষক, ব্যবস্থাপনা বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০৩. জনাব আখতারুজ্জামান, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০৪. হিসাবরক্ষক, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০৫. কম্পিউটার অপারেটর, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০৬. ভর্তি শাখা, রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।
০৭. অফিস নথি।